

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২২০ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৬: অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

بَابُ تَحْرِيْمِ الظُّلْمِ وَالْأُمْرِ بِرَدِّ الْمَظَالِمِ _ (26)

আরবী

وَعَن عَدِي بنِ عَمِيْرَةَ رضي الله عنه، قَالَ: سمعت رَسُول الله صلى الله عليه وسلم، يقول: «مَنِ اسْتَعْمَلْنَاهُ مِنْكُمْ عَلَى عَمَل، فَكَتَمَنَا مِخْيَطاً فَمَا فَوْقَهُ، كَانَ غُلُولاً يَأْتِي به يَومَ القِيَامَةِ »فَقَامَ إليه رَجُلُ أُسْوَدُ مِنَ الأَنْصَارِ، كَأَنِّي أَنْظُرُ إِلَيْهِ، فَقَالَ: يَا رَسُول الله، اقْبَلْ عَنِيامَةِ »فَقَالَ: «وَمَا لَكَ ؟ »قَالَ: سَمِعْتكَ تَقُولُ كَذَا وكَذَا، قَالَ: «وَأَنَا أَقُولُه الآنَ: مَنِ السَّتَعْمَلْنَاهُ عَلَى عَمَلٍ فَلْيَجِيءُ بِقَلِيلِهِ وَكَثِيرِهِ، فَمَا أُوتِيَ مِنْهُ أَخَذَ، وَمَا نُهِيَ عَنْهُ انْتَهَى ». رواه مسلم

বাংলা

১৩/২২০। আদী ইবনু আমীরাহ রাদিয়াল্লান্থ 'আনহু বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, ''আমরা তোমাদের মধ্যে যাকে কোন কাজে নিযুক্ত করি, অতঃপর সে আমাদের কাছে সূঁচ অথবা তার চেয়ে বেশী (কিম্বা কম কিছু) লুকিয়ে নেয়, তো এটা খিয়ানত ও চুরি করা হয়। কিয়ামতের দিন সে তা সঙ্গে নিয়ে হাজির হবে।'' এ কথা শুনে আনসারদের মধ্যে একজন কৃষ্ণকায় মানুষ উঠে দাঁড়ালেন, যেন আমি তাকে (এখন) দেখছি। তিনি বললেন, 'হে আল্লাহর রাসূল! আপনি (যে কাজের দায়িত্ব আমার উপর অর্পণ করেছিলেন) তা আমার কাছ থেকে ফিরিয়ে নেন।' তিনি বললেন, ''তোমার কি হয়েছে?'' সে বলল, 'আমি আপনাকে এ রকম কথা বলতে শুনলাম।' তিনি বললেন, ''আমি এখনো বলছি যে, যাকে আমরা কোন কাজে নিযুক্ত করি, সে যেন অল্প-বেশী (সমস্ত মাল) আমার কাছে নিয়ে আসে। অতঃপর তা হতে তাকে যতটা দেওয়া হবে, তাইই সে গ্রহণ করবে এবং যা হতে তাকে বিরত রাখা হবে, সে তা থেকে বিরত থাকবে।''[1]

English

(26) Chapter: Unlawfulness of Oppression and Restoring Others Rights

'Adi bin 'Umairah (May Allah bepleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "Whosoever among you is appointed by us to a position and he conceals from us even a needle or less, it will amount to misappropriation and he will be called upon to restore it on the Day of Resurrection". ('Adi bin 'Umairah added:) A black man from the Ansar stood up - I can see him still - and said: "O Messenger of Allah, take back from me your assignment." He (the Prophet (ﷺ)) said, "What has happened to you?" The man replied: "I have heard you saying such and such." He (ﷺ) said, "I say that even now: Whosoever from you is appointed by us to a position, he should render an account of everything, big or small, and whatever he is given therefrom, he should take and he should desist from taking what is unlawful".

[Muslim].

ফুটনোট

[1] মুসলিম ১৮৩৩, আবৃ দাউদ ৩৫৮১, আহমাদ ১৭২৬৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন